

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১১৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২০. দ্বিতীয় অনুচ্ছেদ - রাগ ও অহংকার

# আরবী

وَعَنْ أَسْمَاءَ

بِنْتِ عُمَيْسٍ قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «بِئِسَ الْعَبْدُ عَبْدٌ تَجَبَّرَ وَاعْتَدَى وَنَسِيَ الْجَبَّارَ الْأَعْلَى تَخَيَّلَ وَاخْتَالَ وَنَسِيَ الْجَبَّارَ الْأَعْلَى بِئِسَ الْعَبْدُ عَبْدٌ عَبْدٌ عَبْدٌ عَتَى وَطَغَى وَنَسِيَ الْمُقَابِرَ وَالْبِلَى بِئِسَ الْعَبْدُ عَبْدٌ عَتَى وَطَغَى وَنَسِيَ الْمُبْتَدَأَ وَالْمُنْتَهَى بِئِسَ الْعَبْدُ عَبْدٌ يَخْتِلُ الدِّينِ بِئِسَ الْعَبْدُ عَبْدٌ يَخْتِلُ الدُّنْيَا بِالدِينِ بِئِسَ الْعَبْدُ عَبْدٌ يَخْتِلُ الدِينَ بِلْسَ الْعَبْدُ عَبْدٌ مَبْدُ مَبْدُ رَغَبُ الشَّبَهَاتِ بِئِسَ الْعَبْدُ عَبْدٌ طَمَعٌ يَقُودُهُ بِئِسَ الْعَبْدُ عَبْدٌ مَوْى يُضِلُّهُ بِئِسَ الْعَبْدُ عَبْدٌ رَغَبُ لِللَّالَّيْهَاتِ بِئِسَ الْعَبْدُ عَبْدٌ مَعْ يَقُودُهُ بِئِسَ الْعَبْدُ عَبْدٌ مَبْدُ وَقَالَ اللَّالِيَ مَانِ» . وَقَالَا: لَيْسَ إِسْنَادُهُ بِالْقَوِيِّ وَقَالَ التِّرْمِذِيُّ أَيْضًا: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

#### বাংলা

৫১১৫-[১২] আসমা বিনতু 'উমায়স (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি। তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ ঐ বান্দা মন্দ, যে নিজেকে অপরের চেয়ে ভালো মনে করে, অহংকার করে এবং আল্লাহ তা'আলাকে ভুলে যায়। ঐ বান্দা মন্দ, যে মানুষের ওপর জুলুম-অত্যাচার করে, সীমালভ্যন করে এবং সর্বশ্রেষ্ঠ পরাক্রমশালী আল্লাহকে ভুলে যায়। ঐ বান্দা মন্দ, যে দীনের কাজ ভুলে যায়, দুনিয়ার কাজে মত্ত হয়ে থাকে এবং কবরস্থানের কথা ও শরীর পঁচে যাওয়ার কথা ভুলে যায়। ঐ বান্দা মন্দ, যে ঝগড়া-বিবাদ বাধিয়ে বিপর্যয় সৃষ্টি করে, অবাধ্য হয় এবং নিজের প্রথম ও শেষ ভুলে যায়। ঐ বান্দা মন্দ, যে দুনিয়াবাসীকে "দীন" দ্বারা ধোঁকা দেয়। ঐ বান্দা মন্দ, যে সন্দেহ করে ধর্মকে খারাপ করে দেয়। ঐ বান্দা মন্দ, যাকে দুনিয়ার লোভ-লালসার দিকে এবং দুনিয়ার পূজারীদের দিকে টেনে নিয়ে যাওয়া যায়। ঐ বান্দা মন্দ, যাকে দুনিয়ার লোভ-লালসা ও দুনিয়ার প্রতি আসক্তি, অসম্মানিত ও হেয় করে।[তিরমিয়ী ও বায়হাক্কী'র "শু'আবুল সমানে" বর্ণনা করেছেন; আর ইমাম বায়হাক্কী ও তিরমিয়ী (রহিমান্থমাল্লাহ) বলেনঃ এ হাদীসের বর্ণনাসূত্র সবল নয় এবং ইমাম তিরমিয়ী (রহিমান্থল্লাহ) আরো বলেনঃ এ হাদীসটি গরীব।][1]



# ফুটনোট

[1] য'ঈফ : তিরমিয়ী ২৪৪৮, য'ঈফ আত্ তারগীব ১৭৪২, য'ঈফুল জামি' ২৩৫০, শু'আবুল ঈমান ৮১৮১।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে ''হাশিম ইবনু সা'ঈদ আল কুফী'' য'ঈফ। আবূ যায়দ আল খস্'আমী (الخسعم) নামের বর্ণনাকারী মাজহূল। হিদায়াতুর্ রুওয়াত ৪/৪৭৬, য'ঈফাহ্ ২০২৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ الْحَبْدُ এখানে الْحَبْدُ । শব্দ ব্যবহার করা হয়নি। বরং الْحَبْدُ শব্দ ব্যবহার করা হয়নি। বরং الْعَبْدُ শব্দ ব্যবহার করা হয়েছে। যেহেতু হাদীসে উল্লেখিত বৈশিষ্ট্যসমূহ কোন عَبْدُ তথা আল্লাহর 'ইবাদাতকারী বান্দার জন্য শোভনীয় নয়, তাই الْعَبْدُ শব্দ ব্যবহার করে তাকে তিরস্কার জানানো হয়েছে।

(عَبْدٌ تَخَيَّلُ وَاخْتَالَ) মুনবী (রহিমাহ্লাহ) বলেনঃ এখানে ঐ বান্দার কথা বলা হয়েছে, যে মনে মনে নিজেকে অন্যের তুলনায় শ্রেষ্ঠভাবে এবং অহংকার করে চলে।

رَبِيْسُ الْعَبْدُ عَبْدٌ تَخَيَّل) মুনবী (রহিমাহুল্লাহ) বলেনঃ ঐ বান্দার কথা বলা হয়েছে, যে মানুষকে নিজের ইচ্ছানুযায়ী চলতে বাধ্য করে। এখানেও ক্ষমতার অপব্যবহারে অহংকার প্রকাশ পায়।

(عَبْدٌ سَهَى) ঐ ব্যক্তির কথা বলা হয়েছে, যে দুনিয়াবী লোভ লালসায় মত্ত থাকে কিন্তু সঠিক বিষয় তার সামনে আসলে সেটা গ্রহণও করে না আবার 'ইবাদাত-বন্দেগীর তোয়াক্কাও করে না।

(﴿ وَلَهُ ) খেল-তামাশায় মত্ত থাকে।

(وَنَسِيَ الْمُقَابِر) এখানে উদ্দেশ্য হলো মৃত্যুকে ভুলে থাকে। উদাসীন জীবন যাপন করে মৃত্যু, কবর, পরকাল ইত্যাদি সবকিছু থেকে নিজেকে উদাসীন করে রাখে।

(وَنَسِيَ الْمُبْتَدَأَ وَالْمُنْتَهَى) এখানে الْمُبْتَدَأَ শব্দ দারা তার সৃষ্টির সূচনা তথা মাতা-পিতার দেহে তাদের বীর্যে তার অবস্থানকে সে ভুলে যায় এবং পুনরায় আল্লাহর কাছে তার ফিরে যাওয়ার কথাও সে ভুলে যায়।

(তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৪৪৮; মিরক্বাতুল মাফাতীহ)

## হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু 'উমায়স (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75839



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন